## বিসিএস-এর সেমিনার

৩০শে নভেম্বর, '৯৬ বাংলাদেশ কমপিউটার সোসাইটির উদ্যোগে সায়েন্স ল্যাবরেটরী-এর আই.এফ.এস.টি.-এর সেমিনার কক্ষে ইন্টারনেটের উপর সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের প্রধান বক্তা ছিলেন গ্রামীণ সাইবারনেটের লিঃ-এর ডেপুটি-জেনারেল ম্যানেজার আসফাক খান এবং সভাপতিত্ব করেন বিসিএস-এর সভাপতি এবং ইসলামিক ইন্সটিটিউট অব্‌ টেকনোলজির মহা-পরিচালক প্রফেসর ডঃ আবদুল মতিন পাটওয়ারী। সেমিনারে বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক ডঃ ওসমান আলী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কমপিউটার বিভাগের প্রফেসর ডঃ মোহাম্মদ লুৎফর রহমান, সোসাইটির সাধারণ সম্পাদক এম. এম. নুরুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ আঃ মতিন এবং সোসাইটির অন্যান্য সদস্যসহ কমপিউটার পেশাজীবীগণ উপস্থিত ছিলেন।

## 'সিঙ্গাপুরের ভবিষৎ হচ্ছে ডিজিটাল'

সিঙ্গাপুরের পরিবেশ মন্ত্রী এবং জাতীয় আইটি কমিটির চেয়ারম্যান টিওচী হিয়ান জাতীয় তথ্য প্রযুক্তি ফোরামে বলেছেন, ডিজিটাল ইনফরমেশন সিঙ্গাপুরের অর্থনৈতিক ভবিষ্যতের চাবিকাঠি। সম্প্রতি তথ্য প্রযুক্তি বিষয়ক চারটি নতুন উদ্যোগ উদ্বোধন করেন। এদের দুটি হচ্ছে ইন্টারনেট ভিত্তিক। একটি 'TIARA' নামের যা মুহূর্তের মধ্যে একাধিক লাইব্রেরী এবং ডাটাবেজের সাথে সংযোগ করিয়ে দিতে পারে। পৃথিবীতে এ ধরনের সার্ভিস এ-ই প্রথম। অপরটি 'Singapore Connect' যা ছোট এবং মাঝারি প্রতিষ্ঠানসমূহের জন্য ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করবে। এরই মধ্যে ৮০,০০০ প্রতিষ্ঠানের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। আগামী দু'বছরের মধ্যে এই ওয়েব সাইটে দুই লক্ষ ব্যবসায়িক প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত হবে।

অন্য দুটি প্রতিষ্ঠানের একটি ইলেক্ট্রনিক কমার্স এবং অপরটি ইনফ্রাষ্ট্রাকচার ফর ইলেকট্রনিক আইডেনটিফিকেশন।

## হরগঙ্গা কলেজ বিজ্ঞান ক্লাবে কমপিউটার

বেশ কিছুদিন আগে হরগঙ্গা কলেজ বিজ্ঞান ক্লাবে কমপিউটার সংযোজন করা হয়েছে। বিজ্ঞান ক্লাবকে কমপিউটারায়ন করার ফলে বিজ্ঞান চর্চা আরো পরিচ্ছন্ন, নির্ভুলভাবে এবং অতি দ্রুত সম্পাদন করা যাবে বলে আশা করা যাচ্ছে।

## ড্যাফোডিলের দ্বিতীয় সুপার স্টোর

ঢাকার শীর্ষস্থানীয় কমপিউটার বিক্রেতা প্রতিষ্ঠান ড্যাফোডিল কমপিউটার্স ঢাকার ব্যস্ততম বাজার এলাকা এলিফ্যান্ট রোডে তাদের দ্বিতীয় সুপার স্টোর চালু করেছে। ১লা ডিসেম্বর এই সুপার স্টোরটির উদ্বোধন করেন দেশের প্রখ্যাত বিজ্ঞানী লেখক ডঃ আব্দুল্লাহ্‌ আল-মুতী সরফুদ্দীন। উল্লেখ্য যে ড্যাফোডিল কমপিউটার্স গত জুন মাসে দেশের অন্যতম বৃহৎ সুপার স্টোরটি চালু করে কমপিউটার মার্কেট প্রসারে একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করে। ড্যাফোডিলের নতুন সুপার স্টোরটি আগেরটির মত বড় না হলেও এখানে কমপিউটার ও আনুষঙ্গিক সামগ্রী সুলভ মূল্যে পাওয়া যাবে বলে ড্যাফোডিল সূত্র থেকে জানা গেছে।

নতুন স্টোরটির উদ্বোধনী অনুষ্ঠানে ড্যাফোডিল কমপিউটার্সের ব্যবস্থাপনা পরিচালক এ. সবুর স্বাগত বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন প্রতিষ্ঠানের বিশিষ্ট কমপিউটার ব্যক্তিত্ব ও তথ্য প্রযুক্তিবিদগণ উপস্থিত ছিলেন। ড্যাফোডিলের এই নতুন সুপার স্টোরের ঠিকানা 'সিটি সুপার মার্কেট', ২য় তলা, ৯৫, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা। ফোন ঃ ৫০৭৩৬২

## এটিএম নেটওয়ার্ক সেমিনার

২৩ নভেম্বর ঢাকার স্থানীয় একটি হোটেলে বাংলাদেশে এটিএম নেটওয়ার্ক সম্পর্কিত এক সেমিনার অনুষ্ঠিত হয়। আয়ারল্যান্ডের ইউনিহোল্ডিংস এবং বাংলাদেশের ডাটালিংক সার্ভিসেসের যৌথ উদ্যোগে আয়োজিত সেমিনারটিতে বক্তব্য উপস্থাপন করেন ডিজিটাল ইকুইপমেন্ট কর্পোরেশনের কার্ল একার্ট, অহিদ আহমেদ, আদনান আনোয়ার এবং এস ইমাম।

এটিএম-এর সিকিউরিটি, ভিস্যাট কমিউনিকেশন, ডাটা কমিউনিকেশন ইত্যাদির উপর বিশদ আলোচনা এবং স্লাইড দেখানো হয়। কয়েকটি ব্যাংকের বিভিন্ন কর্মকর্তাসহ অনেক পেশাজীবী এই সেমিনারে অংশগ্রহণ করেন। স্যাটেলাইট যোগাযোগের অপরিসীম গুরুত্ব এবং এটিএম-এর ভবিষ্যৎ সম্পর্কে আশাবাদ প্রকাশ করা হয়। বাংলাদেশে ব্যাংকসমূহ অচিরেই এ ব্যবস্থায় আসবে বলে জানানো হয়।

> একটি কমপিউটার জগৎ পত্রিকা আপনার হাতের কাছে থাকলে কমপিউটারের সমস্ত জগতটাকে আপনি হাতের মুঠোয় পাবেন।

## আরও একটি শেয়ার সফটওয়্যার

Intellicon Computers (Pvt.) Ltd. শেয়ার মেম্বারদের কাজ সুচারুরূপে করার জন্য একটি সফটওয়্যার তৈরি করেছে। প্রতিষ্ঠানের সফটওয়্যার ডিভিশনের পরিচালক এ, এইচ, এম, গোলাম মোস্তফা জানান যে, এখানে শুধু sell, buy, share rate, commission rate entry দিতে হয়। বাকী কাজ কমপিউটার করে দেবে। এই সফটওয়্যার ব্যবহারকারীগণ শেয়ার সম্পর্কিত বিভিন্ন রিপোর্ট যেমন– মোট কমিশন, বিক্রয়মূল্য, ক্রয় মূল্য, লাভ-লোকসান, ক্রয়কৃত শেয়ার, বিক্রয়কৃত শেয়ার, অবিক্রিত শেয়ার ইত্যাদি অতি সহজে এবং স্বল্প সময়ে জানতে পারবেন। এ ছাড়াও রয়েছে আরও বহুবিধ সুবিধা। প্রতিষ্ঠানের বিপণন বিভাগ থেকে আরো জানানো হয় যে, তারা সম্প্রতি Solomon Software IV নামের একাউন্টিং সফটওয়্যার বাজারজাত করার সিদ্ধান্ত নিয়েছেন।

নেটওয়ার্কভিত্তিক এই সফটওয়্যারটিতে Remote Access-এরও সুবিধা আছে। মোট ১৬টি মডুলে বিভক্ত এই সফটওয়্যারটির ৩টি সংস্করণ হচ্ছে– (১) ক্লায়েন্ট (২) সার্ভার (৩) SQL সার্ভার।

## মাইক্রোসফট বনাম নেটস্কেপ

সারা বিশ্বের কমপিউটার প্রেমীদের কাছে পরিচিত বিল এবং জিম। মাইক্রোসফটের প্রধান নির্বাহী বিলগেটস। প্রতিষ্ঠানটিতে এখন প্রায় সাড়ে তেত্রিশ হাজার (৩৩৫০০) কর্মী আছেন (এর মধ্যে ১৩৯০০ কর্মী যুক্তরাষ্ট্রে) মাইক্রোসফট গড়ে বছরে ৮.৭ বিলিয়ন ডলারের পণ্য বিক্রি করে থাকে, আর তার মধ্যে মোট লাভ হয় ২.২ বিলিয়ন ডলার। মাইক্রোসফট-এর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণাকারী সাহসী লোকটি হলেন ক্যালিফোর্নিয়ার মাউন্টেন ভিউতে ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত নেটস্কেপ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা জিম বার্কসডেল। নেটস্কেপ ইন্টারনেটের ব্রাউজার নেভিগেটর বাজারজাত করবার ক্ষেত্রে শীর্ষে রয়েছে। নেটস্কেপের কর্মী সংখ্যা ১১০০। এর পণ্য বিক্রয় বছরে ১৯১.৪ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে মোট লাভ ১৪.৩ মিলিয়ন মার্কিন ডলার। হিউলেট প্যাকার্ড, ম্যাকজেনলে, ডগলাস, এলিলিলি আরোও অনেক বড় প্রতিষ্ঠানের কর্মীরা নেটস্কেপ এর নেভিগেটর ব্যবহার করছে। মাইক্রোসফটের বিরুদ্ধে যুদ্ধে নেটস্কেপের কর্মীদের উদ্বুদ্ধ করার জন্য তাঁদের ক্যালিফোর্নিয়ার মাউন্টেন ভিউতে অবস্থিত অফিসের এক স্থানে ইলেকট্রনিক মেসেজে প্রায়ই ভেসে ওঠে "দেখা হবে বিল"।


your ultimate **solutions**

massive COMPUTERS

massive PROFESSIONAL PC COMPUTERS ®

85/1 New Elephant Road, Zinnat Mansion, 1st floor, Dhaka 1205

UNDERCUT PRICE IS AVAILABLE FOR
486 DX2-66(intel), 486DX4-100MHz(intel)
Pentium 100 MHz & 120MHz (intel)
SYSTEM & ACCESSORIES

Phone : 862856, 864058

